



যুগ্ম কমিশনারের কার্যালয়
হিলি স্থল শুল্ক স্টেশন
হাকিমপুর, দিনাজপুর




বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২৮ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখের পত্রিকায় (যুগ্মপত্র এবং নিউ এইজ) প্রকাশিত বিজ্ঞাপন অনুযায়ী, হিলি স্থল শুল্ক স্টেশনের লট নং-০৬/২০২২ এর আওতাভুক্ত পুরাতন মোটর সাইকেলসমূহ সাধারণ নিলামে বিক্রয়ের জন্য বিগত ০৬.০৬.২০২২ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে নিলামকার্য অনুষ্ঠিত হয়। উক্ত নিলামকার্যে দরদাতা/প্রতিনিধিবৃন্দ এবং দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ণ কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে নিলাম বাক্স ও দরপত্র খোলা হলে, নিলামের লট নং- ০৬/২০২২ এর বিপরীতে মোট ০৭ (সাত) টি টেন্ডার সিডিউল পাওয়া যায়। যার মধ্যে ১টি ঠিকানা ও পে-অর্ডারবিহীন। ফলে ০৬টি দরপত্র পরিপূর্ণভাবে জমা হয়।

তন্মধ্যে নিলাম কমিটি কর্তৃক প্রাপ্ত দলিলাদি যাচাই করতঃ এবং সর্বোচ্চ দরদাতা হিসেবে লট নং- ০৬/২০২২ এর ক্ষেত্রে জনাব শাহ মোঃ আশফুরদৌল্লা (আরজু), দর্শনা পাহাড়ী, কলেজ পাড়া, কারমাইকেল কলেজ, রংপুর নিলাম কমিটি কর্তৃক সর্বোচ্চ দরদাতা হিসেবে নির্বাচিত হয়। উল্লিখিত সর্বোচ্চ দরদাতাকে নিলাম মূল্য (টাকা) ১/১১৩৩/০০৪৫/২৬৮১ অর্থনৈতিক কোডে জমা এবং উল্লিখিত নিলাম মূল্যের উপর ৭.৫% ভ্যাট-১/১১৩৩/০০৪৫/০৩১১ অর্থনৈতিক কোডে, ৫% অগ্রিম আয়কর ১/১১৪১/০০৬৫/০১১১ অর্থনৈতিক কোডে এবং নিলামকারীর নিলাম অর্থ জমা প্রদানপূর্বক আগামী ০৩ কার্যদিবসের মধ্যে অফার লেটার গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় আপনি নিলামকৃত পণ্য গ্রহণ করতে ইচ্ছুক নয় বিবেচনায় নিয়ে আপনার জামানত বাজেয়াপ্ত করা হবে।

তাছাড়া, নিলাম বিজ্ঞপ্তির অন্যান্য শর্ত বিশেষ করে ক্রমিক নং-০৫ এবং সিডিউলে বর্ণিত শর্তাদি বলবৎ থাকবে। উল্লেখ্য, নিলামের অফার লেটার জারীর ১২ কার্যদিবসের মধ্যে পণ্য খালাস গ্রহণ করতে হবে। অন্যথায় নিলাম সিডিউলের ক্রমিক নং-০৭ এর শর্তানুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


28.06.2022

আবদুর রহমান
রাজস্ব কর্মকর্তা

ও

আহবায়ক,
দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ণ
কমিটি, হিলি স্থল শুল্ক স্টেশন

নথি নং- ৫-কাস-৮(৬)/সাধারণ নিলাম/বিবিধ/পত্রালাপ/গুদাম/হিলি/২০১৭/ ৫(৫০/৭)

তারিখ: ২৪.০৬.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণার্থে:

- ১। উপ কমিশনার, হিলি স্থল শুল্ক স্টেশন, বাংলাহিলি, হাকিমপুর, দিনাজপুর।
- ২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, জি.এল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর [আপনাকে বিজ্ঞপ্তিটি সদর দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে।]
- ৩। জনাব মাসুদ আল হেলাল, সহকারী রাজস্ব কর্মকর্তা (নিলাম ও গুদাম) হিলি স্থল শুল্ক স্টেশন, বাংলাহিলি, হাকিমপুর, দিনাজপুর। [তাকে দরদাতা প্রাপ্ত প্রতিষ্ঠানের মালিক বরাবর ই-মেইলে অথবা ই-মেইল না থাকলে মোবাইলে জানিয়ে দেওয়া নিশ্চিত করার অনুরোধ করা হলো।]
- ৪। জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, হিলি স্থল শুল্ক স্টেশন, বাংলাহিলি, হাকিমপুর, দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, জি.এল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।
- ২। অতিরিক্ত কমিশনার-২, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, জি.এল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাংলাহিলি, হাকিমপুর, দিনাজপুর।
- ৪। অফিস কপি।